



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৪৫.১৯.৩৩৪

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৯

১১ জুলাই ২০২২

**বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ।**

গাবতলী মহিলা কলেজের অধ্যক্ষ জনাব নুরে আলম সিদ্দিকী অভিজ্ঞতা ও নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করা ছাড়া অধ্যক্ষ পদের এমপিওভুক্তি জন্য কাগজপত্র অনলাইনে দাখিল করেছেন মর্মে কলেজের সাবেক অধ্যক্ষ জনাব মোঃ আমজাদ হোসেন একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি তার এমপিও বাতিল করার জন্য অনুরোধ করেছেন।

গাবতলী মহিলা কলেজের অধ্যক্ষ জনাব নুরে আলম সিদ্দিকীর অধ্যক্ষ পদের এমপিওভুক্তির লক্ষ্যে দাখিলকৃত সমস্ত কাগজপত্র/প্রমাণক প্রেরণ করার জন্য নথিটি ইএমআইএস সেলে প্রেরণ করা হয়।

ইএমআইএস সেল এ বর্ণিত বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন গাবতলী মহিলা কলেজের অধ্যক্ষ জনাব নুরে আলম সিদ্দিকীর অধ্যক্ষ পদের এমপিওভুক্তির লক্ষ্যে দাখিলকৃত সমস্ত কাগজপত্র/প্রমাণক সংযুক্ত করে প্রেরণ করেন। ডকুমেন্ট ডাউনলোডের [লিংক](#)।


প্রাপ্ত তথ্যাদি যাচাই/পর্যালোচনা করে দেখা যায় যে,

১. কলেজটি জাতীয় বিদ্যালয়ের অধিভুক্তি হলেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি নেওয়া হয়নি। ডিগ্রি স্তর অধিভুক্ত হলেও ডিগ্রি স্তরের যাগ্যেতা সম্পন্ন অধ্যক্ষ নিয়োগে না দিয়ে উচ্চ মাধ্যমিক স্তরের অধ্যক্ষ নিয়োগে দেয়া হয়েছে। ২. জনাব নুরে আলম সিদ্দিকি ৩১/০৫/২১ তারিখে সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) পদ হতে পদত্যাগ করে ০১/০৬/২১ ইং তারিখে অধ্যক্ষ পদে যাগেদান করেন। কিন্তু বিধি বহির্ভূতভাবে জুন-২০২১ হতে এপ্রিল ২০২২ ইং পর্যন্ত সহকারী অধ্যাপক পদের বেতন গ্রহন করেছে। ৩. জনাব নুরে আলম সিদ্দিকি অধ্যক্ষ পদের এম.পি.ও ভুক্তির জন্য ব্যাংক প্রত্যয়ন ও নন-ড্রয়াল সার্টিফিকেট জাল করেছে। তিনি নং বগ/গাব/প্রত্যয়ন/৭৪৮ তারিখ ০৫/০৭/২১ ইং প্রত্যয়ন পত্রটি নিয়েছিল তার সহকারী অধ্যাপক ব্যবস্থাপনা (অধ্যক্ষ ভারপ্রাপ্ত) হিসাবে। কিন্তু সেই প্রত্যয়ন পত্রের “ভারপ্রাপ্ত” শব্দটি কালি দিয়ে মুছে ঐ প্রত্যয়ন পত্রটি অধ্যক্ষ পদের এম.পি.ও ভুক্তির জন্য ব্যাংক প্রত্যয়ন হিসাবে ব্যবহার করে। সেই সাথে নং বগ/গাব/প্রত্যয়ন/৭৪৮ তারিখ ০৫/০৭/২১ ইং তারিখের সহকারী অধ্যাপক ব্যবস্থাপনা ও (অধ্যক্ষ ভারপ্রাপ্ত) প্রত্যয়ন পত্রটির শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর স্ক্যানিং ও ফটোসপের মাধ্যমে নং বগ/গাব/প্রত্যয়ন/৭৪৭ তারিখ ০৫/০৭/২১ এর জাল নন ড্রয়াল সার্টিফিকেট তৈরি করে। ৪. নুর আলম সিদ্দিকি ২৯/০৫/২১ ইং তারিখের অধ্যক্ষ পদের নিয়োগে নির্বাচনী পরিক্ষায় অংশ গ্রহন করে, ৩০/০৫/২১ ইং তারিখের গভর্নিং বডির সভার সিদ্ধান্ত মাতোবেক তাকে নিয়োগে পত্র প্রদান করা হয় এবং ৩১/০৫/২০২১ ইং তারিখে সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা) পদ হতে পদত্যাগ করে। ০১/০৬/২০২১ ইং তারিখে গভর্নিং বডির সভায় তার পদত্যাগ পত্রটি অনুমোদন করে ছাড়পত্র প্রদান করা হয়। সাধারণ সভার বিধি মাতোবেক কোন বিষয় নিয়ে আলাচনার অন্তত ০৭ দিন পূর্বে নাটেশের মাধ্যমে সকল সদস্যকে অবহিত করতে হয়। এখানে তরিঘরি করে কাজ করায় গভর্নিং বডির সভা আহ্বানের বিধি লঙ্ঘন করা হয়েছে।

জনবল কাঠামাে ও এম.পি.ও নীতিমালা-২০২১ এর ১১.১৭ ধারায় বলা হয়েছে এম.পি.ও ভুক্ত কোন শিক্ষক কর্মচারী একই

সাথে একাধিক কোন পদে/চাকুরিতে বা আর্থিক লাভ জনক কোন পদে নিযাজিত থাকতে পারবে না। এটি তদন্ত প্রমানিত হলে সরকার তার এম.পি.ও বাতিলসহ দায়ী ব্যক্তি ব্যক্তিগণের বিরুদ্ধে বিধিমাতোবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করতে পারবে। ১১.১৮ ধারায় এম.পি.ও ভুক্ত কোন শিক্ষক কর্মচারী প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে যাগেদান করলে যাগেদানের তারিখ থেকে পূর্ববর্তী পদের বেতন ভাতা উত্তোলন করতে পারবেনা।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি ১৪( চৌদ্দ) কর্ম দিবসের মধ্যে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহীকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।



১-৮-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব)

কলেজ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০৪৫.১৯.৩৩৪/১(৩)

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৯


১১ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মোঃ আমজাদ হোসেন, সাবেক অধ্যক্ষ, গাবতলী মহিলা কলেজ, বগুড়া।

২) অধ্যক্ষ, গাবতলী মহিলা কলেজ, গাবতলী

৩) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী



১-৮-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক